

# ব্যাংকে একাউন্ট খুলতে পারবে ক্ষুদ্রে ক্ষুল পড়ুয়ারা

ছাত্র-ছাত্রীদের সঞ্চয়ী অভ্যাস গড়ে তুলতে ওয়ান ব্যাংকের উদ্যোগ

## অর্থনৈতিক রিপোর্টার

বাবশায়ী, চাকরীজীবী, পেশাজীবী, গৃহিণী, পর এবার ব্যাংকিং বাস্তব গ্রাহকের তালিকায় অন্তর্ভুক্ত হল ক্ষুদ্রে ক্ষুল পড়ুয়ারা। ক্ষুল পড়ুয়ারদের জন্য ব্যাংকিং সুবিধা চালু করেছে বেসরকারী ওয়ান ব্যাংক লিমিটেড। ছাত্র-ছাত্রীদের সঞ্চয়ী অভ্যাস গড়ে তোলা এবং অর্থের মূল্য সম্পর্কে সচেতনতা বাড়ানোর লক্ষ্য নিয়ে নতুন এই সেবা চালু করেছে ব্যাংকটি। সর্বনিম্ন ৫০০ টাকা দিয়ে এ হিসাব খুলতে হবে এবং সর্বনিম্ন মাসিক জমার পরিমাণ হবে ১০০ টাকা। গতকাল (বৃহস্পতিবার) রাজধানীর এইচআরসি মিডিয়া ভবনে এক বোর্ড সম্মেলন করে এ তথ্য জানায় 'ন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক

ফারহান আর চৌধুরী। এ সময় উপস্থিত ছিলেন সিনিয়র জাইস প্রেসিডেন্ট রোজিনা আলিয়া আহমেদ, এক্সিকিউটিভ জাইস প্রেসিডেন্ট সাকির আহমেদ, জাইস প্রেসিডেন্ট আহসান হাবিব ও কর্পোরেট এডভোকেট ডিভিশনের ব্যবস্থাপক কর্মী ফারহানা জোবিন।

সর্বোদ সন্দেশনে বলা হয়, ক্ষুল ব্যাংকিং সুবিধার আওতায় ৩ থেকে ১৭ বছরের ক্ষুল পড়ুয়া ছাত্র-ছাত্রীরা সঞ্চয়ী হিসাব খুলতে পারবে। ব্যাংক এই হিসাবের জন্য আশাদা কোন সার্ভিস চার্জ নেবে না এবং জমা টাকার ওপর আকর্ষণীয় হারে সুদ প্রদান করবে। বার্ষিক সুদের পরিমাণ ৮ শতাংশ। প্রতিদিনের জন্য জমার ওপর সুদ গণনাসহ ঘনাসিক ভিত্তিতে হিসাবে সুদ জমা হবে। এছাড়া

সব একাউন্টধারীকে বিনামূল্যে এটিএম কার্ডসহ একটি বিশেষ কিট প্রদান করা হবে। সামাজিক দায়বদ্ধতার কথা মাথায় রেখে এ সেবাটি চালু করেছে ওয়ান ব্যাংক।

ব্যাংকের এমডি ফারহান আর চৌধুরী জানান, প্রথমে ব্যাংকের ৩২টি শাখার আশেপাশের এলাকার ক্ষুলপড়ুয়া ক্ষুল ব্যাংকিং সম্পর্কে প্রচারণা চালানো হবে। ক্ষুলপড়ুয়া তিন্ত্র ব্যবস্থার মাধ্যমে টাকা সঞ্চয় করার চিন্তাও করা হচ্ছে বলে তিনি জানান।

রোজিনা আলিয়া বলেন, দেশের সব ক্ষুল ছাত্র-ছাত্রীদের জন্য পর্যায়ক্রমে এ সেবা চালু করা হবে। কোন ক্ষুলে ১০০টি হিসাব খোলা হলে সে ক্ষুলের সর্বোচ্চ মাসিক আয়নতকারীকে বিশেষ পুরস্কার দেয়া হবে।